



গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৫তম জন্মবার্ষিকী উপলক্ষে

প্রভাতী অনুষ্ঠান

৩রা মে, ২০২৬, রবিবার

সময়ঃ সকাল সাড়ে ছটা থেকে

স্থানঃ রবীন্দ্র ভবন প্রাঙ্গণ, কেশপারনিকর্ষজ মার্গ, নতুন দিল্লি (মোর্ডি হাউসের বিপরীতে)

নিয়মাবলীঃ-

- ১) আবেদন পাঠাবেন বেঙ্গল অ্যাসোসিয়েশনের ৭৩০৩৪০০৫৫৪ (7303400554) নম্বরে হোয়াটস্যাপে। বিষয় হিসেবে লিখবেনঃ রবীন্দ্রজয়ন্তী ২০২৬ প্রভাতী অনুষ্ঠান/ Rabindra Jayanti 2026 - Prabhati Anushthan।
- ২) গান, কবিতা বা নৃত্যের আবেদনের ক্ষেত্রে অবশ্যই দুটি করে গান বা কবিতার নাম পাঠাতে হবে। সকল আবেদনকারীকে (দলগত পরিবেশনার ক্ষেত্রেও) আবেদনের সঙ্গে অনুষ্ঠানে পরিবেশনার জন্য প্রস্তাবিত যে কোনও একটি গান বা কবিতার অডিও বা নৃত্যের ক্ষেত্রে ভিডিও ক্লিপ পাঠানো আবশ্যিক। গদ্যাংশ বা নাট্যাংশ পাঠের ক্ষেত্রেও অডিও ক্লিপ পাঠানো আবশ্যিক। অডিও বা ভিডিও ক্লিপের নামকরণ আবেদনকারীর নামে হওয়া আবশ্যিক। উদাহরণ স্বরূপঃ (আবেদনকারীর নাম_কবিতা/গান/নৃত্য)।
- ৩) লাইভ গান বা কবিতার সঙ্গেই নৃত্য পরিবেশন করতে হবে। সে ক্ষেত্রে সঙ্গীতশিল্পী বা আবৃত্তিশিল্পীর পরিবেশনাকে একটি একক পরিবেশনা হিসাবে ধরা হবে।
- ৪) কবিতা বা গদ্যাংশ পাঠের সময়সীমা সর্বাধিক ৪ মিনিট। নাট্যাংশ পাঠের সময়সীমা সর্বাধিক ৬ মিনিট। গান বা যন্ত্রসঙ্গীতের ক্ষেত্রে সময়সীমা সর্বাধিক ৩ মিনিট। নৃত্য পরিবেশনার ক্ষেত্রে গান বা কবিতার উপরোক্ত সময়সীমাই নির্ধারিত থাকবে।
- ৫) বিদ্যাগায়ের ক্ষেত্রে সমবেত সঙ্গীত পরিবেশনার জন্য একটি গান গ্রহণীয় হবে।
- ৬) সমবেত সঙ্গীতের ক্ষেত্রে দলের শিল্পী সংখ্যা ন্যূনতম পাঁচজন হতে হবে এবং দলের শিল্পীদের নাম গান পাঠাবার সময় জানানো আবশ্যিক। একই শিল্পী একাধিক দলে সঙ্গীত পরিবেশন করতে পারবেন না। যে সমস্ত দলে অনূর্ধ্ব ৩৫ বছর বয়সী শিল্পী বেশি থাকবে, তাদের অগ্রাধিকার দেওয়া হবে। আবেদনে এটি উল্লেখ করতে হবে।
- ৭) সমবেত সঙ্গীতের একটি দলে অংশগ্রহণকারী শিল্পীদের মধ্যে সর্বাধিক দুইজন শিল্পী একক সঙ্গীত পরিবেশন করতে পারবেন। নাট্যাংশ বা পাঠের ক্ষেত্রেও একই শিল্পী একাধিক পরিবেশনা করতে পারবেন না।
- ৮) সমবেত পরিবেশনা ভিন্ন অংশগ্রহণকারীর বয়স অনুষ্ঠানের দিন ১৮ বা তদোর্ধ্ব হতে হবে।
- ৯) চূড়ান্ত তালিকায় অন্তর্ভুক্তির ক্ষেত্রে পরিচালক মন্ডলীর সিদ্ধান্তই চূড়ান্ত এবং পরিচালক মন্ডলী দ্বারা নির্ধারিত গান বা কবিতাই অংশগ্রহণকারীকে পরিবেশন করতে হবে।
- ১০) গান, কবিতা অথবা পাঠের আগে কিংবা পরে এই অনুষ্ঠানের ঐতিহ্য অনুযায়ী অতিরিক্ত কিছু বলা নিষিদ্ধ। একইভাবে গান, কবিতা অথবা পাঠ্যাংশে মূল সুর কিংবা কথা থেকে বিচ্যুতিও কঠোরভাবে বজ্রনীয়।
- ১১) প্রভাতী অনুষ্ঠানের ঐতিহ্য অনুযায়ী উপযুক্ত পরিধান পরেই অনুষ্ঠানে অংশ নেওয়া আবশ্যিক।
- ১২) অনুষ্ঠানের তালিকা অনুষ্ঠানের দিনই প্রকাশিত হবে এবং ক্রমিক সংখ্যা অপরিবর্তিত থাকবে।
- ১৩) প্রথম এবং শেষ গানটি সমবেত সঙ্গীত, যথাক্রমে - “হে নৃতন” ও “ওই মহামানব আসে”। সকল অংশগ্রহণকারীকে উভয় গানের সময় উপস্থিত থেকে সমবেত সঙ্গীতে অংশ নিতে অনুরোধ করা হচ্ছে।
- ১৪) সঙ্গীত পরিবেশনকারী শিল্পী এবং দলগুলিকে নিজস্ব হারমোনিয়াম নিয়ে আসতে হবে। পরিবেশনার সময় হারমোনিয়াম ছাড়া অংশগ্রহণকারীরা আর কোনও যন্ত্রাংশ (যেমনঃ গিটার, মাউথ অর্গান ইত্যাদি) ব্যবহার করবেন না। বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে উপযুক্ত সঙ্গতের ব্যবস্থা করা হবে।
- ১৫) সাম্প্রতিককালে আবেদনের সংখ্যাধিক্যের কারণে গত তিনবারের প্রতিবারই যারা অংশগ্রহণ করেছেন তাঁদের আবেদন এবছর গ্রহণীয় হবে না। (শুধুমাত্র একক পরিবেশনার ক্ষেত্রে প্রযোজ্য)
- ১৬) আবেদন করার সময়সীমা ৮ই এপ্রিল, ২০২৬ বেলা ১১টা থেকে ১৪ই এপ্রিল, ২০২৬ বিকাল ৫টা। এর আগে বা পরে পাঠানো আবেদন গ্রাহ্য হবে না।

ডঃ সজল মিত্র
সভাপতি

সৌরাংশু সিংহ
সাধারণ সম্পাদক

ভীষ্মব্রত ভট্টাচার্য্য
যুগ্ম সম্পাদক